# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

[redacted]

এসময় আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু সেখানে উপস্থিত ছিলেন।

সোমবার সকালের দিকে মেহেরপুর জেলা প্রশাসনের পক্ষ থেকে সরকারি ভাবে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কুঠিবাড়ি প্রাঙ্গণে আমঝুপি ও পিরোজপুর ইউনিয়নের ৪শ ইজিবাইকচালকদের খাদ্য সামগ্রী তুলে দেওয়া হয়।

ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতির গরীব ও দুস্থ মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান

পহেলা বৈশাখের অনুষ্ঠান না করে ঝিনাইদহ জেলা আইনজীবী সমিতি কর্মহীন হয়ে পড়া গরীব ও দুস্থ মানুষের মাঝে খাদ্য সহায়তা প্রদান করেছে।

সোমবার বেলা ১১ টায় আইনজীবী সমিতির নতুন ভবনের সামনে এই খাদ্য সহায়তা প্রদান করা হয়। জন প্রতি ৫ কেজি চাল,২ কেজি আলু, ৫০০ গ্রাম ডাল, ১ কেজি লবন, ১লিটার তৈল ১টা করে সাবান ২৫০ জন হত-দরিদ্র মানুষের মাঝে বিতরন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন আইনজীবী সমিতির সভাপতি এ্যাডঃ খান আক্তারুজ্জামান, জিপি বিকাশ কুমার ঘোষ, সাধারণ সম্পাদক জাকারিয়া মিলন, আইনজীবী সমিতির সাবেক সভাপতি ও আওয়ামী লীগ নেতা আজিজুর রহমান, সাবেক সহ-সভাপতি সাদাতুর রহমান হাদী, সাবেক জিপি সুবীর সমাদ্দার, শামসুজ্জামান লাকী, জাহিদুল ইসলাম জাহিদ, আতিয়ার রহমান, গৌতম কুমার, আবু রওশন রিপন, আব্দুল মান্নান-২, মাযহারুল আনোয়ার সবুজ, শফিকুর রহমান শফিকসহ আইনজীবী সমিতির অনান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে করোনা প্রতিরোধে কঠোর অবস্থানে পুলিশ

করোনার সংক্রমন প্রতিরোধ ও সচেতনতা বাড়াতে ঝিনাইদহে কঠোর অবস্থানে জেলা পুলিশ। পুলিশ সুপার মো: হাসানুজ্জামান পিপিএম এর নির্দশে সোমবার সকালে শহরের পায়রা চত্বর, হামদহ, আরাপপুরসহ বিভিন্ন স্থানে চেকপোস্ট বসানো হয়।

এসময় প্রয়োজন ছাড়া ইজিবাইক চলাচল বন্ধ ও মোটর সাইকেলে একজনের বেশি না বসা, বাইরে অযথা ঘোরাঘুরি না করে বাড়ীতে থাকার নির্দেশ দেওয়া হয়। এছাড়াও ব্যক্তিগত গাড়ি চালক ও সড়কে চলাচলকারীদের উপযুক্ত কারণ ছাড়া শহরে প্রবেশ করতে দেওয়া হচ্ছে না।

এসময় পুলিশ সুপার মো: হাসানুজ্জামান জানান, করোনা প্রতিরোধে কঠোর অবস্থানে রয়েছে জেলা পুলিশ। জেলা ও উপজেলা শহরের বিভিন্ন স্থানে চেকপোস্ট বসানো হয়েছে। প্রয়োজন ছাড়া যারা বাড়ির বাইরে যাচ্ছেন তাদের ঘরে থাকার পরার্মশ দেওয়া হচ্ছে।

মেহেরপুরে নিজস্ব তহবিল থেকে দুই হাজার পরিবারকে খাদ্য সহায়তা দিলেন এমএ খালেক

মেহেরপুরের গাংনীতে দুস্থ ও অসহায় ২০০০ পরিবারের মাঝে ত্রাণ বিতরণ করেছেন গাংনী উপজেলা চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমএ খালেক।

আজ সকালে এ উপজেলার নয়টি ইউনিয়নের বাসিন্দাদের মাঝে বাড়িতে বাড়িতে গিয়ে নিজস্ব অর্থায়নে এ ত্রাণ বিতরণ করা হয়।

ত্রান বিতরণ কালে গাংনী পৌর কাউন্সিলর মিজানুর রহমান, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু.আওয়ামীলীগ নেতা গোলজার হোসেনসহ বিভিন্ন গ্রামের আওয়ামীলীগের নেতৃবন্দ উপস্থিত ছিলেন।

করোনা ভাইরাসের প্রাদূর্ভাব ঠেকাতে সকল মানুষকে ঘরে থাকতে বলা হয়। এতে নিম্ন আয়ের মানুষ বিপাকে পড়ে। তাদের ঘরে খাবার দিতে নিজ অর্থায়নে খাদ্য সরবরাহ করেন। প্রতিটি পরিবারকে চাল ডাল আলু তেলসহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র প্রদান করেন।

গত কয়েকদিন যাবত তিনি বিভিন্ন পেশার মানুষের মাঝে ত্রাণ বিতরণ অব্যাহত রেখেছেন তিনি।

কোটচাঁদপুরে অসহায় পরিবারে খাবার পৌছে দিলেন পুলিশ সুপার হাসানুজ্জামান

“মুজিব বর্ষের অঙ্গীকার,পুলিশ হবে জনতার”এই স্লোগান কে সামনে রেখে বাংলাদেশ পুলিশ যখন জনবান্ধব পুলিশিং এ ব্যস্ত, ঠিক সেই সময়ে বৈশ্বিক সমস্য হিসেবে বাংলাদেশেও প্রানঘাতি করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাব দেখা দেয়। উন্নত বিশ্বে প্রাণঘাতি এই ভাইরাস প্রতিরোধে লক-ডাউন কর্মসূচি ঘোষনা করে।

বাংলাদেশ সরকারও করোনা ভাইরাস প্রতিরোধে লকডাউন কর্মসূচি ঘোষনা করলে কর্মবঞ্চিত গরিব, দুস্থ্য,অসহায় দিনমজুর শ্রমজীবীরা অন্ন সংস্থানের অভাবে দিশেহারা হয়ে পড়েছে।

এমন পরিস্থিতিতে রাতের আধারে দুস্থ্য অসহায় এই সব মানুষের হাতে নিজ উদ্যোগে “মানুষ মানুষের জন্য, পুলিশ জনগণের বন্ধু,সেবাই পুলিশের ধর্ম”এই ব্রত নিয়ে খাবার পৌছে দিলেন,ঝিনাইদহ জেলা পুলিশ সুপার হাসানুজ্জামান (পিপিএম)। রবিবার (৫এপ্রিল) রাতের আধারে

কোটচাঁদপুর মডেল থানা পুলিশের সহযোগিতায় উপজেলার বিভিন্ন এলাকায় নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রী পৌছে দেন।

পুলিশ সুপার বলেন, মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর ভয়াবহতা থেকে নিজ,নিজের পরিবার,সর্বপরি দেশের মানুষ ও দেশকে রক্ষার জন্য সকলকে বিশেষ প্রয়োজন ছাড়া অযথা বাহিরে না আসতে অনুরোধ করেন।

এসময় উপস্থিত ছিলেন,অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল হক, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, ইন্সপেক্টর (তদন্ত) ইমরান আলম সহ জেলা ও থানা পুলিশের সদস্যরা।

গাংনীতে হেরোইনসহ একজন আটক

মেহেরপুরের গাংনীতে ৫০ গ্রাম হেরোইন সহ সোহেল(৩৪) নামের এক মাদক ব্যবসায়ী কে আটক করেছে জেলা গোয়েন্দা পুলিশ।

আজ রবিরার বিকালে গোপন সংবাদের ভিত্তিতে গাংনীর হিন্দা বাজার এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী গাংনীর আড়পাড়া গ্রামের জাফর আলীর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশ জানায়, পুলিশ সুপার এস এম মুরাদ আলির নির্দেশে গতকাল বিকালে ৫০ গ্রাম হেরোইন সহ মাদক ব্যবসায়ী সোহেলকে গ্রেফতার করা হয়। যার অনুমান মুল্য পাচ লক্ষ টাকা, এ বিষয়ে মাদক দ্রব্য আইনে মামলা করা হয়েছে।

১০ টাকা কেজি চাল বিক্রি শুরু মেহেরপুর শহরের ৯টি স্থান

করোনা ভাইরাসের কারণে সৃষ্ট সংকটকালীন সময়ে মেহেরপুর শহরের ৯টি স্থান থেকে একযোগে সপ্তাহে তিন দিন ১০ টাকা কেজি দরে খোলাবাজারে (ওএমএস) চাল বিক্রির শুরু হয়েছে।

রবিবার সকালে মেহেরপুর শহরের ৯টি স্থান থেকে একযোগে ১০ টাকা কেজি দরে চাল বিক্রি শুরু করা হয়। জাতীয় পরিচয় পত্রের কপি দেখে প্রত্যেক পরিবার ৫ কেজি করে চাল ৫০ টাকায় ক্রয় করতে পারবে। প্রতিদিন মেহেরপুর শহরের ১০ মেট্রিক টন করে চাল বিক্রি করা হবে। সপ্তাহের রবিবার মঙ্গলবার ও বৃহস্পতিবার মেহেরপুর শহরের ৯ টি স্থান থেকে একযোগে চাল বিক্রি করা হবে।

এই চাল কীভাবে বণ্টন হবে ১৩টি নির্দেশনার মাধ্যমে একটি গাইডলাইনও দিয়েছে খাদ্য মন্ত্রণালয়। এই নির্দেশনা অনুযায়ী একজন উপকারভোগী নিজের জাতীয় পরিচয়পত্র দেখিয়ে সপ্তাহে একবার ৫ কেজি চাল কিনতে পারবেন। তবে যেসব পরিবার অন্য কোনো সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় রয়েছে এই চাল কেনার সুযোগ পাবেন না। খাদ্য মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী সপ্তাহে রবি, মঙ্গল ও বৃহস্পতিবার সকাল ১০টা থেকে দুপুর ৩টা পর্যন্ত ওএমএস বিক্রয় কার্যক্রম চালানো হবে। স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, সিটি করপোরেশন, পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর বা সংশ্লিষ্ট প্রতিনিধিদের উপস্থিতিতে চাল বিক্রি করতে হবে।

স্থানীয় প্রশাসন, আইনশৃঙ্খলা বাহিনী, সিটি করপোরেশন, পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর বা সংশ্লিষ্ট প্রতিনিধিদের করোনা সংক্রমণ প্রতিরোধে নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চাল বিক্রয় কার্যক্রম পরিচালনা করতে নির্দেশ দেওয়া হয়েছে।

ঝিনাইদহ স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার উদ্যোগে খাদ্য সামগ্রী বিতরণ

ঝিনাইদহ র্পাকপাড়া এলাকার স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার উদ্যোগে ও বাংলাদেশ মানবাধিকার নাট্য পরিষদ জেলা শাখার সহযোগিতায় করোনার প্রভাবে কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে। রোববার সকালে পৌর এলাকার ৫০ জন কর্মহীন হয়ে পড়া নিম্ন আয়ের খেটে খাওয়া মানুষের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করেন।

এসময় বাংলাদেশ মানবাধিকার নাট্য পরিষদের সভাপতি ও স্বপ্ন সিড়ি সমাজ কল্যান সংস্থার সাধারণ সম্পাদক রুবেল পারভেজ, সহ সভাপতি নূরুজ্জামান, মেহেরুজ্জামান সবুজ ও ফয়সাল আহমেদ উপস্থিত ছিলেন।

এসময় ওই এলাকার ৫০ জন খেটে খাওয়া পরিবারের মাঝে আটা, আলু, কাচা মরিচ, কাচ কলা, মিষ্টি কুমড়া, পিয়াজ ও টমেটো বিতরণ করা হয়। সামাজিক দুরত্ব বজায় রেখে তাদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। কাজ না থাকায় অভাব অনটনে থাকা পরিবারগুলো এই খাবার পেয়ে সন্তুষ্টি প্রকাশ করেন।

মেহেরপুরে কর্মহীন ৫০০ অটো চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ

মহামারী করোনা ভাইরাস প্রতিরোধে গত ২৬ মার্চ থেকে দেশে লকডাউন শুরু হয়।

এবং সব ধরনের যান চলাচল বন্ধ ঘোষনা করে। ফলে মেহেরপুর বুড়িপোতা ও কুতুব পুরের অটো চালকরা কর্ম হীন হয়ে পড়ে। এই সব কর্মহীন অটো

চালকদের মধ্যে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

আজ রবিবার সকাল ১০ ঘটিকায় গোভিপুর হাই স্কুল মাঠে ৫০০ অটো চালকের মাঝে ১৫ কেজি করে চাউল দেওয়া হয়।

এ সময় উপস্হিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার পিআইও মোছাঃ নাহিদা ইসলাম, বুড়িপোতার ইউনিয়নের চেয়ারম্যান মো শাহাজামান এসময় অটো চালকদের রাস্তায় বের না হয়ে ঘরে থেকে সরকারের নির্দেশনা মেনে চলার আহবান জানান হয়।